# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 10 April, 2025

মেয়ের বিয়ের কয়েকদিন আগে হবু জামাইয়ের সঙ্গে পালালেন কন্যার মা।ভারতের উত্তর প্রদেশের আলিগড়ের মাদরাক এলাকায় এমন কাণ্ড ঘটেছে।

মেয়ে শিবানীর বিয়ের বাকি হাতে গোনা কয়েকদিন।বিয়ে উপলক্ষে বাড়িতে আসা যাওয়া শুরু হয় আত্মীয়স্বজনদের।পুরো পরিবার যখন আনন্দে ভাসছে ঠিক তখন ঘটে চাঞ্চল্যকর ঘটনা।

বিয়ের ১০ দিন বাকি থাকতেই মেয়ের হবু স্বামীর সঙ্গে পালিয়ে গেছেন মা।বিয়ের আগে মায়ের এমন ঘটনায় হতবাক পুরো পরিবার।

ভারতীয় গণমাধ্যমের খবরে বলা হয়, শিবানীর মায়ের নাম অনিতা।তিনি তার হবু স্বামীর সঙ্গে পালিয়ে যাওয়ার সময় বাড়ির থেকে নগদ সাড়ে ৩ লাখ টাকার বেশি এবং ৫ লাখ টাকার বেশি মূল্যের গয়নাও নিয়ে গেছেন।

মেয়েটির বাবার মতে, তার মেয়ের বিয়ের তারিখ ১৬ এপ্রিল নির্ধারিত ছিল, যার জন্য বিয়ের কার্ডও বিতরণ করা হয়েছিল।সব প্রস্তুতি পুরোদমে চললেও জামাই মেয়ের সঙ্গে খুব কমই কথা বলতেন, উল্টো প্রতিদিন প্রায় ২০-২২ ঘণ্টা মেয়ের মায়ের সঙ্গে কথা বলতেন।

মেয়েটির বাবা জানিয়েছেন, তিনি কাজের জন্য বেঙ্গালুরুতে থাকেন এবং সম্প্রতি গ্রামে ফিরেছেন।ফিরে এসে জামাই ও স্ত্রীর ঘনিষ্ঠতা দেখে তার সন্দেহ হয়।

হবু জামাই পালানোর আগে তাকে বলেছে, তুমি তোমার স্ত্রীকে ২০ বছর ধরে হয়রানি করেছ, এখন তাকে বাঁচতে দাও এবং ভুলে যাও।

অন্যদিকে, মেয়ে শিবানী মায়ের প্রতি ঘৃণা প্রকাশ করে এবং পুলিশকে জানায়, তার মা গয়না এবং টাকা নিয়ে পালিয়েছে, লোকটি তাকে যেমন বলেছে তেমনই সে সবকিছু করেছে।গত তিন-চার মাস ধরে রাহুল ও আমার মা ফোনে অনেক কথা বলতেন।আমাদের আলমারিতে নগদ সাড়ে ৩ লাখ টাকা এবং ৫ লাখ টাকার বেশি মূল্যের গয়না ছিল।মা তার কথা মতোই সবকিছু করেছেন।এমনকি ১০ টাকাও ফেলে যাননি।আমার মা আমাদের সব টাকা নিয়ে গেছেন।

তিনি আরও বলেন, এখন তিনি যা খুশি করতে পারেন, আমাদের কিছু যায় আসে না।আমরা শুধু চাই আমাদের টাকা ও গয়না ফেরত দেওয়া হোক।

বিয়ে ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:28

URL: https://www.timestodaybd.com/public/international/607672594